দৈনিক সংবাদ ১২৯

NOV. 19 1999
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ ... কলাম ১-৬ ......

# রাজশাহী বিশ্ববিদ্যালয় শিবিরের নিয়ন্ত্রণে, প্রক্টরের পদত্যাগ

রাজশাহী থেকে জাহাঙ্গীর আলম আকাশ ঃ গত ১৬ই নভেম্বর রাতভর তাণ্ডবের পর ছাত্র শিবিরের ক্যাডাররা গতকাল বৃহস্পতিবার ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশের উপস্থিতিতেই জঙ্গি মিছিল করেছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হলসহ পুরো ক্যাম্পাস এখন শিবিরের নিয়ন্ত্রণে। সাধারণ ছাত্রছাত্রী ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাকর্মীরা হল ছেড়ে চলে যাচ্ছে।

বুধবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলসহ বিশ্ববিদ্যালয় সংলগ্ন মেসগুলোতে তল্লাশি চালিয়ে পুলিশ আরো ১৬ জন শিবির ক্যাডারকে গ্রেফতার করেছে। এর আগের দিন রাতের গ্রেফতারকৃত ১৬ জনসহ সর্বমোট ৩২ জন শিবির ক্যাডারকে গ্রেফতার করা হলো। তবে এখন পর্যন্ত শিবিরের দুর্ধর্ষ ক্যাডাররা কেউই ধরা পড়েনি। এদের সকলে গতকাল ক্যাম্পাসে পুলিশের সামনেই মহড়া দিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ডঃ এম. মোখলেসুর রহমান উদ্ভূত পরিস্থিতিতে গতকাল পদত্যাগ করেছেন। ফলে বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি আরো জটিল হয়েছে। তিনি গতকাল অফিসও করেননি। ক্যাম্পাসের আইন-শৃঙ্খলা রক্ষায় বিশ্ববিদ্যালয়ে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে।

ছাত্র শিবিরের বর্বর হামলায় গুরুতর আহত ছাত্রলীগ (বা-অ) নেতা অজয় কুমার সরকার বাদি হয়ে বুধবার মতিহার থানায় ১০৫ জন শিবির ক্যাডারের নামে একটি মামলা দায়ের করেছে। এ মামলার আসামিরা গতকাল ক্যাম্পাসে প্রকাশ্যে বুক ফুলিয়ে ঘুরে বেড়ায়। এদের কাউকেই গ্রেফতার করা হয়নি এখনও।

প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, গতকাল সকাল থেকে দুপুর পর্যন্ত ক্যাম্পাস জুড়ে শিবির ক্যাডাররা মহড়া দিয়েছে। তারা ৩/৪ জন করে 'গ্রুপওয়াইজ' বিভক্ত হয়ে ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে অবস্থান নেয়। সকাল থেকে গতকাল ছাত্র শিবিরের টেন্ট পুলিশ দখল করে থাকে। শিবির

**পদত্যাগ ঃ** পৃঃ ১১ কঃ ৮

## পদত্যাগ ঃ প্রক্টরের

( ১ম পৃষ্ঠার পর )

ক্যাডাররা কেন্দ্রীয় গ্রন্থাগারের পাশে অবস্থান নেয়। ছাত্র ফ্রন্ট অভিযোগ করেছে, তাদের টেন্ট এলাকায় শিবির সন্ত্রাসীরা অবস্থান নেয়ায় তারা টেন্টে বসতে পারেনি।

সকাল সাড়ে ১০টায় উদীচী রাঃবিঃ সংসদ ক্যাম্পাসে গত মঙ্গলবারের ছাত্রশিবিরের তাণ্ডবের প্রতিবাদে র‍্যালি বের করে। পরে অনুষ্ঠিত সমাবেশে আবু বকর ও মোরাদ বিশ্বাস মৌলবাদী চক্রের অপতৎপরতার বিরুদ্ধে বিবেককে জাগ্রত করার জন্য ছাত্রছাত্রীসহ সাংস্কৃতিক কর্মীদের প্রতি আহ্বান জানান।

প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা গেছে, দুপুর সোয়া ১২টার দিকে বিপুলসংখ্যক বহিরাগতসহ ৫ শতাধিক শিবির ক্যাডার ক্যাম্পাসে একটি জঙ্গি মিছিল বের করে।

প্যারিসে ইউনেস্কো সাধারণ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলে যোগদানরত উপাচার্য অধ্যাপক সাইদুর রহমান খান ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসী ঘটনার সংবাদ পেয়ে তার কর্মসূচি সংক্ষিপ্ত করে গতকাল বিকেলে রাজশাহী ফেরেন। তিনি রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে আহত ছাত্রদের দেখতে যান। সন্ধ্যায় উপাচার্য ভবন লাউঞ্জে উপ-উপাচার্য, রেজিস্ট্রার, প্রক্টর, ছাত্র উপদেষ্টাসহ হল প্রাধ্যক্ষদের সাথে এক সভায় মিলিত হন। রাতে ছাত্র হলগুলো পরিদর্শন করেন।

ছাত্রলীগ রাজশাহী মহানগর শাখা গতকাল সন্ধ্যায় সাহেববাজার জিরো পয়েন্টে ছাত্র শিবিরের সন্ত্রাসের প্রতিবাদে নগর সভাপতি নাঈমুল হুদা রানার সভাপতিত্বে এক প্রতিবাদ সভায় অবিলম্বে শিবির সন্ত্রাসীদের গ্রেফতার ও শাস্তি দাবি জানানো হয়। এর আগে নগরীতে বিক্ষোভ মিছিলও করে ছাত্রলীগ।

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবদুর রহমান ও সাধারণ সম্পাদক এম. জালালউদ্দিন এক যুক্ত বিবৃতিতে শিবিরের সন্ত্রাসীদের ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করার দাবি জানিয়েছেন।